

**পুলিশে নিয়োগের  
 জন্য ছাত্রলীগের  
 তালিকা**

রোজিনা ইসলাম

পুলিশের সাব-ইন্সপেক্টর, পদে দলীয় নেতাকর্মীদের নিয়োগের তৎপরতা শুরু করেছে ছাত্রলীগ। জগন্নাথ বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের পক্ষ থেকে বরাদ্দ মন্ত্রণালয়ে পাঠানো হয়েছে পুলিশের এসআই পদে নিয়োগের জন্য দলীয় কর্মীদের একটি তালিকা। বরাদ্দ মন্ত্রণালয় সূত্রে জানা গেছে, পুলিশে নিয়োগের তদবির করে ৩০ জন নেতাকর্মীর নামের তালিকা বরাদ্দ মন্ত্রণালয়ে পাঠিয়েছে ছাত্রলীগ। তালিকা : পৃষ্ঠা : ১১ ক : ২

**তালিকা : ছাত্রলীগের  
 (১ম পৃষ্ঠার পর)**

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ছাত্রলীগের এ ৩০ নেতাকর্মীই পুলিশের সাব-ইন্সপেক্টর পদে নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণ করেছেন। সম্প্রতি জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ছাত্রলীগের প্যাডে জগন্নাথ বিশ্ববিদ্যালয় ছাত্রলীগ সভাপতি কামরুল হাসান রিপন ও সাধারণ সম্পাদক গাজী আবু সাঈদের সই করা এক চিঠিতে এ তালিকা পাঠানো হয়েছে। বরাদ্দ মন্ত্রণালয়ের এক কর্মকর্তা জানিয়েছেন, এ তালিকা বরাদ্দমন্ত্রীর কাছে পাঠানো হয়েছে। এ ব্যাপারে জগন্নাথ ছাত্রলীগের প্যাডে দেয়া সভাপতি ও সাধারণ সম্পাদকের মোবাইল নম্বর (০১৭১১৩৬৪২৬১, ০১৭১১৩৮২৮৪১) যোগাযোগ করা হলে সভাপতি ফোন রিসিভ করেননি এবং সাধারণ সম্পাদকের ফোন বন্ধ পাওয়া গেছে।